


যুগান্তর

অধ্যাপক নাজমা বেগম ট্রাষ্ট ফাউন্ডেশন ঢাবির ৪ শিক্ষার্থী

প্রকাশ : ২১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের ৪ জন শিক্ষার্থী ‘অধ্যাপক নাজমা বেগম ট্রাষ্ট ফাউন্ডেশন বৃত্তি’ লাভ করেছেন। রোববার উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে তিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কৃতী শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সামাজিকবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, ট্রাষ্ট ফাউন্ডের দাতা অধ্যাপক ড. নাজমা বেগম এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

বৃত্তিপ্রাপ্তরা হলেন- উমে খাইরুন সাদিয়া (পিয়ারা বানু বৃত্তি), বিদ্যানন্দ বিশ্বাস (এসএম ওয়াজিদ বৃত্তি), ইমরান হোসাইন (মোমেনা বেগম বৃত্তি) এবং মুনমুন আক্তার সেবা (আবুল হাসানাত মাহমুদ বৃত্তি)।

ঢাবির ২ শিক্ষার্থীর বৃত্তি লাভ : বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ফিজিঝ অ্যাস্ট টেকনোলজি বিভাগের ২ শিক্ষার্থী ‘খোন্দকার লুৎফি রববানী-নাজমুন নেছা স্মৃতি বৃত্তি’ লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- আশীর শর্মা দীপ্তি ও মো. শারজিস ইবনে ওয়াহুদ। রোববার তিসি কার্যালয়ে এক অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন তিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বায়োমেডিকেল ফিজিঝ অ্যাস্ট টেকনোলজি বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল কাদির, ট্রাষ্ট ফাউন্ডের অন্যতম দাতা অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রববানী এবং দাতা পরিবারের কয়েকজন সদস্য উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।